

৪১

ইসলামী বিশ্ববিদ্যালয়ে

নেশাগ্রস্ত ছাত্র-ছাত্রীর

সংখ্যা বৃদ্ধি পাইতেছে

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা । বিভিন্ন প্রকার মাদক দ্রব্যের সহজলভ্যতার কারণে ইসলামী বিশ্ববিদ্যালয়ের নেশাগ্রস্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা দিন দিন আশংকাজনকভাবে বৃদ্ধি পাইতেছে । বিশ্ববিদ্যালয় সংলগ্ন শেখপাড়া, বাজারে, প্রধান গেটের সামনের কয়েকটি বাড়িতে, কুষ্টিয়া এবং ঝিনাইদহ শহরের বাসভ্যন্তর এলাকায়, হোমিওপ্যাথিক দোকানে, চাটলে প্রকাশ্যে ফেনসিডিল, মদ, গাঁজা, আফিম, হেরোইন বিক্রি হইতেছে ।

বেশ কিছু ছাত্র-ছাত্রী ঐ সকল স্থানে যাইয়া এবং সেখান হইতে নেশার দ্রব্য আনিয়া হলে সেবন করিতেছে । ইহাতে হলের স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত হইতেছে । বিশ্ববিদ্যালয়ের তিনটি হলে মারাত্মকভাবে নেশাগ্রস্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা ১১২ । তন্মধ্যে ছাত্রীর সংখ্যা ৮ । হলসমূহে সাধারণ ছাত্র-ছাত্রীদের অভিযোগ হইতে এই তথ্য পাওয়া গিয়াছে । এই সকল ছাত্র-ছাত্রী হলের কয়েকটি নির্দিষ্ট কক্ষে নেশার আড্ডা বসাইয়া থাকে ।

এদিকে ছাত্রদের হলে রাত দশটার মধ্যে প্রবেশের বিধান থাকিলেও বেশ কিছু 'ক্যাডার' নামধারী ছাত্র হলের গার্ডকে চুমকি দিয়া গভীর রাতে হলে প্রবেশ করিয়া মাতলামি করিতে থাকে । ইহাতে প্রশাসনিক ছাত্র সংগঠনগুলির মধ্যে উত্তেজনা দেখা দেয় । সম্প্রতি কয়েকজন ছাত্র নেশাগ্রস্ত হইয়া ২জন ডাইনিং বয়কে প্রহার করিয়াছে । এ ব্যাপারে হলের ছাত্র-ছাত্রীরা একাধিকবার প্রভোষ্টদের নিকট বিষয়টি সমাধানের আবেদন করিলেও কোন কার্যকারী পদক্ষেপ গৃহীত হয় নাই ।